শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

ISO 9001: 2015 Certified

## ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

## নিরাপদ বিদ্যুৎ ব্যবহার এবং বৈদ্যুতিক দূর্ঘটনা রোধে সম্মানিত গ্রাহক সদস্যগণের করণীয়

- বৈদ্যুতিক ছেঁড়া তার স্পর্শ করবেন না, ছেঁড়া তার হতে নিজে নিরাপদ থাকুন, অন্যকে নিরাপদ রাখুন;
- বৈদ্যুতিক তার ছিঁড়ে গেলে ও বৈদ্যুতিক সরঞ্জামে আগুন লাগলে জরুরি ভিত্তিতে বিদ্যুৎ অফিসকে অবহিত করতে হবে;
- ভেজা হাতে বৈদ্যুতিক সুইচ ধরবেন না। বৈদ্যুতিক সকেট কোন ধরনের ধাতব পদার্থ যেমনঃ আলপিন, ভোমর, কাঠি, স্কেল, লৌহ জাতীয় কোন পদার্থ ঢুকাবেন না;
- সার্ভিস ড্রপ/বৈদ্যুতিক তারে ভিজা কাপড় শুকানো পরিহার করুন। বৈদ্যুতিক লাইনের নিচে টানা তার/খুঁটির সাথে গবাদি পশু বাঁধবেন না এবং নিজেরাও হাত দিয়ে ধরবেন না;
- পার্শ্ব সংযোগের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার বেআইনি এবং খুবই ঝুঁকিপূর্ণ। পার্শ্ব সংযোগের তার ছিঁড়ে গিয়ে/লিক হয়ে তাৎক্ষণিক বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটতে পারে। পার্শ্ব সংযোগ প্রদান পরিহার করুন। বৈধভাবে বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য অফিসে যোগাযোগ করুন;
- হুকিং/অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের কারণে আর্থিক জরিমানা/ফৌজদারী মামলা হতে পারে। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করলে বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটতে পারে। অবৈধ বিদ্যুৎ ব্যবহার পরিহার করুন;
- বৈদ্যুতিক লাইনের খুঁটিতে ডিসের/ইন্টারনেটের/টেলিফোনের তার টানা এবং লাইনের কাছাকাছি ডিস এন্টিনা স্থাপন পরিহার করুন;
- গাছ কেটে বৈদ্যুতিক তারে ফেললে জীবনহানি ঘটতে পারে/বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হতে পারে ও বিদ্যুৎ বিভ্রাট হতে পারে। বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যমান লাইনের উভয় পার্শ্বে ১০ ফুট ফাঁকা রেখে গাছপালা ছেটে দেওয়া হয়। নিরাপত্তার স্বার্থে গাছপালা কর্তনে অফিসকে সহযোগিতা করুন এবং বৈদ্যুতিক লাইনের নিচে ঝুঁকিপূর্ণ গাছপালা/পাতা জাতীয় উদ্ভিদ রোপন পরিহার করুন।
- গৃহস্থালি ওয়্যারিং এর জন্য ভাল মানের ও সঠিক রেটিং এর তার/সার্কিট ব্রেকার/ফিউজ ব্যবহার করুন। যন্ত্রপাতি ও জীবনের নিরাপত্তার জন্য অবশ্যই সঠিক মানের গ্রাউন্ডিং ব্যবহার নিশ্চিত করুন;
- ঘর/কক্ষ হতে বের হওয়ার সময় নিজ হাতে ফ্যান, লাইট, এসি ইত্যাদি সুইচ বন্ধ করুন, যাতে বৈদ্যুতিক শর্ট সার্কিট হয়ে দুর্ঘটনা না ঘটে।
- বিদ্যমান বৈদ্যুতিক সঞ্চালন লাইনের নিচে যথাযথ কর্তৃপক্ষকে অবগত না করে নতুন স্থাপনা তৈরি করা থেকে বিরত থাকুন, বৈদ্যুতিক লাইনের ক্লিয়ারেন্স কম থাকলে বাড়ির ছাদে দাঁড়াবেন না। ।
- বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগের সময় বৈদ্যুতিক পোলসমূহ, বৈদ্যুতিক ছেঁড়া তার কিংবা ঝুলন্ত অবস্থায় তা স্পর্শ করবেন না।

অনুরোধক্রমে
জেনারেল ম্যানেজার
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

Scanned with CamScanner